তারিখ -7 JUN 2017
পৃষ্ঠা ২৩ কলাম ১

দৈনিক
জনকণ্ঠ

# ফের গ্রিন ভার্সিটির ভিসি হলেন গোলাম সামদানী



গ্রিন ভার্সিটি অব বাংলাদেশের উপাচার্য পদে অধ্যাপক ড. মোঃ গোলাম সামদানী ফকির পুনর্নিয়োগ পেয়েছেন। বিশ্ববিদ্যালয়সমূহের আচার্য ও রাষ্ট্রপতি আবদুল হামিদ আগামী চার বছরের জন্য তাকে এই পদে নিয়োগ দেন। নিয়োগপত্র পাওয়ার পর মঙ্গলবার তিনি কর্মস্থলে যোগদান করেন।

ইতোপূর্বে ২০১৩ সালের ১৬ মে একই বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে যোগদান করেন অধ্যাপক গোলাম সামদানী। মূলত এর পরই মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণের লক্ষ্যে গ্রিন ইউনিভার্সিটিতে চালু করেন টিচিং ও লার্নিং সেন্টার, রিসার্চ সেন্টার, ক্যারিয়ার ডেভেলপমেন্ট সেন্টার, সাইকো-সোশ্যাল কাউন্সেলিং ইউনিট, গ্রিন ভয়েস, বার্ষিক রিপোর্ট, গিফট, প্রজেক্ট, মেন্টরশিপ, ক্লাব ফেয়ার, সিটিএল কোর্স, ইনার ভয়েস এবং পিএলএসডি কোর্সসহ নানা বিষয়। শিক্ষা প্রশাসক হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন ছাড়াও তিনি দেশের প্রথম সারির ৯টি বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে গঠিত ফাউন্ডেশন অব লার্নিং, টিচিং এ্যান্ড রিসার্স মুখ্য ফ্যাসিলেটরের দায়িত্ব পালন করছেন। শিক্ষাক্ষেত্রে অসামান্য অবদানের জন্য অর্জন করেছেন ভারতের ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস প্রদত্ত 'গ্লোবাল এ্যাওয়ার্ড', র‌্যাপোর্ট বাংলাদেশের 'এ্যাওয়ার্ড ফর এক্সিলেন্স ইন হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট', ফ্রিল্যান্স জার্নালিস্ট এ্যাসোসিয়েশন অব বাংলাদেশের জর্জ হ্যারিসন এ্যাওয়ার্ড-২০১৬, অতীশ দীপঙ্কর স্মৃতি পরিষদ কর্তৃক স্বর্ণপদক-২০১৬ এবং বাংলাদেশ অর্গানাইজেশন ফর লার্নিং এ্যান্ড ডেভেলপমেন্ট (বোল্ড) কর্তৃক আজীবন সম্মাননা। গ্রিন ইউনিভার্সিটিতে যোগদানের আগে সামদানী ফকির ২০০৯ সাল থেকে ২০১২ সাল পর্যন্ত ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য হিসেবে কর্মরত ছিলেন।-বিজ্ঞপ্তি